

ঢাকা সোশাল আর্ট ফেস্টিভাল: “এ পৃথিবীতে তোমার অবদান কতটুকু?”

ঢাকা, ১২ আগস্ট ২০১৪

ঢাকায় নানান সামাজিক বিষয় নিয়ে তিনমাস ব্যাপী একটি প্রকল্প বাস্তবায়ন হতে যাচ্ছে।
দি ফেইন্টরী আর্ট স্টুডিও এর আর্টিস্ট এবং ক্রিয়েটিভ ডিরেক্টর মাটেইন ক্রো এবং
আর্টিস্ট রোনাল্ড মেরকেস্টেইন হলেন এই প্রকল্পের উদ্যোক্তা। এই প্রকল্প পরিচালনার
ক্ষেত্রে তারা দুজন প্রায় ৫০টি সংগঠন, লোকাল আর্টিস্ট, স্কুল ও শিক্ষার্থী, একটি
এতিমখানা এবং বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের সাথে কাজ করেছেন। ঢাকার
বাস্তবচিত্র তুলে ধরার জন্যই এই প্রকল্পের শুরু। এর উদ্দেশ্য সচেতনতা ও
দায়িত্ববোধের জন্ম দেওয়া। প্রকল্পটি সম্পর্কে জানার পর এটি নিয়ে কাজ করার দায়িত্ব
আপনার উপরও বর্তায়।

সব “না বলা” গল্পগুলো বলার জন্যই প্রায় ২৫ জন বাংলাদেশী আর্টিস্টের একটি দল
নিয়ে ক্রো ঢাকা আর্ট সেন্টারে কাজ করেছেন। এই দলটিতে ছিল পেইন্টার,
ফোটোগ্রাফার, লেখক ও গ্রাফিক ডিজাইনার। তারা তাদের আর্টকে আরও গভীরস্তরে
নিয়ে যেতে প্রতিজ্ঞাবদ্ধ, একটি প্রশ্ন নিয়ে তারা এগিয়ে যাচ্ছেন “এ পৃথিবীতে তোমার
অবদান কতটুকু?”। এজন্যই তারা ঢাকায় একটি দলকে বেছে নিয়েছেন এই কাজটি
করার জন্য। তৃনা বলেন, “এই প্রক্রিয়াটি আমাকে চুড়ি বিক্রেতাদের অনেক কাছ থেকে
জানতে সাহায্য করেছে, আমি এখন তাদের জীবনযাত্রা সম্পর্কে অনেক কিছুই জানি।
এটি আমাকে অনেক পরিবর্তন করেছে, আমি চাই তোমাদের মধ্যেও এই পরিবর্তনটা
আসুক, তাদের দেখ এবং তাদের সাথে একটি যোগসূত্র তৈরি কর”।

তারা চুড়ি বিক্রেতা, যাদুকর, রিকশাওয়ালা, সমকামী, বৃদ্ধ, মেথর ও ঘরহীন মানুষদের
সাথে কাজ করেছে। যখন তারা প্রকল্পটি শুরু করেছিল তখন তাদের মধ্যে পুরো

অবস্থাটি সম্পর্কে একটি নিজস্ব ধারণা ছিল। এরপর তারা এই মানুষগুলোর সাথে যোগাযোগ করেছে, কথা বলেছে, তাদের ছবি এঁকেছে। সবকিছুর পর তাদের আগের ধারণাগুলো একদম পাল্টে গেল। এমনকি যেই মানুষগুলোর সাথে তারা কাজ করেছে তাদের মধ্যেও অনেকটা পরিবর্তন আসলো। এই অভিজ্ঞতা থেকে তারা শুরু করলো আর্ট ওয়ার্ক: পেইন্টিং, ইন্সটলেশন, ড্রয়িং, ফোটোগ্রাফি, মূর্তি আর গল্প।

আগামী ২২, ২৩ এবং ২৪শে আগস্ট ঢাকা আর্ট সেন্টারে আয়োজিত ঢাকা সোশাল আর্ট ফেস্টিভালে এই কাজগুলোর প্রদর্শনী হবে। অ্যামস্টার্ডামে ক্রো আয়োজিত একটি ফেস্টিভালের উপর ভিত্তি করে এই সৃজনশীল প্রদর্শনীটি হতে যাচ্ছে যেখানে ঢাকাকে প্রদর্শনীর একটি অংশ হিসেবে উপস্থাপন করা হবে। ২২শে আগস্ট বিকেল ৪ টায় এই উৎসবটি আর্টিস্ট এবং সঙ্গীতশিল্পীদের প্রগতির মধ্যে দিয়ে আরম্ভ হতে যাচ্ছে।

“আমরা সব আর্টিস্টরা মিলে যা করি তা অনেক ক্ষেত্রেই ব্যতিক্রম”, বলেন রোনাল্ড মের্কেস্টেইন। “আর্ট আমরা কোনো ব্যক্তিগত উদ্দেশ্যে করি না, এমনকি কোনো লাভের জন্যও না, বরং এটি আমাদের জন্য জীবনকে বুঝে উঠার একটি উপায়”।

ঢাকা আর্ট সেন্টারে আয়োজিত তিনদিন ব্যাপী এই উৎসবে আপনাদের সবাইকে আমন্ত্রণ জানাচ্ছি। এটি ২২শে আগস্ট বিকেল ৪ টা থেকে আরম্ভ হবে এবং ২৪শে আগস্ট রাত পর্যন্ত চলবে।

আরও তথ্য পেতে ভিজিট করুন <http://bangladesh-theproject.com>

বাংলাদেশ প্রজেক্ট নিয়ে আর্টিকেল ও অন্যান্য সামগ্রী পেতে এবং রিপোর্ট করতে চাইলে যোগাযোগ করুন: contact@thefactory.org